# Shelcal®

Calcium (eggshell source) & Vitamin $D_3$

**Description: Shelcal**® is the combination of Calcium and Vitamin $D_3$, where Calcium is obtained from eggshell source. Along with Calcium it contains small amounts of essential salts and minerals for bone development, including Magnesium, Phosphorus & Strontium. It is 100% natural, highly digestible, more absorbable and environment-friendly form of Calcium. It enriches the organic matrix of bones by helping the fixation of Calcium and increases bone density. It also contains soluble transport proteins for maximum absorption compared with other Calcium sources. Its absorption rate is higher than that of Algae, Coral, or Rock-based Calcium.

**Mode of action:** Calcium plays a very important role in the body. It is necessary for normal functioning of bone, nerve cells, muscle, and other vital organs and the regulatory system of the body. If there is not enough calcium in the blood, then the body will take Calcium from bones, thereby weakening bones and triggers different types of bone disorder. Vitamin $D_3$ helps the body to absorb Calcium. Having the right amounts of Calcium and Vitamin $D_3$ is important for building and keeping strong bones and healthy muscles.

**Composition:**
**Shelcal® D Tablet:** Each film-coated tablet contains Calcium Carbonate (eggshell source) USP 1250 mg equivalent to Calcium 500 mg & Cholecalciferol Concentrate (Powder form) BP 2 mg equivalent to Vitamin $D_3$ 200 IU.
**Shelcal® DX Tablet:** Each film-coated tablet contains Calcium Carbonate (eggshell source) USP 1500 mg equivalent to Calcium 600 mg & Cholecalciferol Concentrate (Powder form) BP 4 mg equivalent to Vitamin $D_3$ 400 IU.

**Indications:** Bone loss (Osteoporosis), Weak bones (Osteomalacia, Osteopenia), Rickets, Decreased activity of the parathyroid gland (hypoparathyroidism), Latent tetany (certain muscle disease), Pregnancy and lactation, Post-menopausal osteoporosis.

**Dosage & administration:** One tablet in the morning and one tablet at night or as directed by the physician.

**Contraindications:** Hypercalcemia and Hyperparathyroidism, Hypercalciuria and Nephrolithiasis, Severe renal insufficiencies, Concomitant digoxin therapy (requires careful monitoring of serum Calcium level), Hypersensitivity to the component of this preparation.

**Side effects:** Generally orally administered Calcium Carbonate may be irritating to the GI tract and it may also cause Constipation but eggshell Calcium is safe for long-term use without causing any GI discomfort or Constipation. Rare Side Effects: Kidney stone, Hypercalcemia, Alkalosis, Loss of appetite.

**Use in Pregnancy & Lactation:** It should be used as directed by the physician during Pregnancy and Lactation.

**Precautions:** When Hypercalcemia occurs, discontinuation of the drug is required. Patients with a history of kidney stone formation should also be recommended to increase their fluid intake.

**Drug Interactions:** *With Medicine:* It has possible interaction with digoxin, antacids containing Calcium, aluminum or magnesium, other Calcium supplements, calcitriol, tetracycline, doxycycline, aminocycline or oxytetracycline etc. So while taking Calcium tablet with any of these drugs consultations of the physicians is needed. *With food & others:* The intestinal uptake of Calcium may be reduced by concomitant ingestion of certain foods (e.g. Spinach, milk and milk products).

**Storage:** Keep out of reach of children. Store in a dry place, below 25° C temperature and protected from light.

**Packaging:**
**Shelcal® D Tablet:** Each carton contains 10X3 tablets in Alu-PVDC blister.
**Shelcal® DX Tablet:** Each carton contains 10X3 tablets in Alu-PVDC blister.

# শেলক্যাল®

## ক্যালসিয়াম (এগশেল থেকে তৈরি) ও ভিটামিন ডি৩

**বিবরণ: শেলক্যাল®** প্রিপারেশনটি হলো ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ এর সমন্বয়ে তৈরি, যেখানে ক্যালসিয়াম এগশেল থেকে তৈরি। এতে ক্যালসিয়াম কার্বোনেট ছাড়াও স্বল্পপরিমাণে প্রয়োজনীয় লবণ এবং খনিজ পদার্থ যেমন ম্যাগনেসিয়াম, ফসফরাস ও স্ট্রনশিয়াম থাকে। এটি ১০০ ভাগ প্রাকৃতিক, অত্যন্ত হজম সহনীয়, অধিক শোষণকৃত, পরিবেশ বান্ধব ক্যালসিয়াম। ক্যালসিয়ামের মাত্রা বৃদ্ধি করার মাধ্যমে এটা হাড়ের উপাদান সমূহ এবং ঘনত্ব বৃদ্ধি করে। এছাড়াও এটা দ্রবণীয় পরিবহণকৃত প্রোটিন বহন করে ক্যালসিয়ামের সর্বোচ্চ পরিমাণ শোষণ নিশ্চিত করে যা অন্যান্য ক্যালসিয়াম উৎস থেকে বেশি। এ্যালজি, কোরাল অথবা খনিজ ক্যালসিয়ামের চেয়ে এর শোষণ ক্ষমতা অধিকতর ভালো।

**কার্যপদ্ধতি:** ক্যালসিয়াম শরীরে খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি হাড়, স্নায়ুকোষ, পেশী ও অন্যান্য গুরুত্বপূর্ণ অঙ্গ এবং শরীরের নিয়ন্ত্রক সিস্টেমের স্বাভাবিক ক্রিয়াকলাপের জন্য প্রয়োজনীয়। যদি রক্তে পর্যাপ্ত পরিমাণে ক্যালসিয়াম না থাকে তবে শরীর হাড় থেকে ক্যালসিয়াম নিয়ে নেয়, ফলে হাড় দুর্বল হয়ে যায় এবং বিভিন্ন ধরনের হাড়ের ব্যাধি সৃষ্টি করে। ভিটামিন ডি৩ শরীরকে ক্যালসিয়াম শোষণে সহায়তা করে। শক্তিশালী হাড় এবং সুস্থ পেশী তৈরি এবং মজবুত রাখার জন্য ক্যালসিয়াম এবং ভিটামিন ডি৩-এর সঠিক পরিমাণ থাকা গুরুত্বপূর্ণ।

**উপাদান:**

**শেলক্যাল® ডি ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম-কোটেড ট্যাবলেটে রয়েছে ক্যালসিয়াম কার্বোনেট (এগশেল থেকে তৈরি) ইউএসপি ১২৫০ মিলিগ্রাম ও কোলেক্যালসিফেরল (পাউডার ফর্মে) বিপি ২ মিগ্রা যা ৫০০ মিগ্রা ক্যালসিয়াম এবং ভিটামিন ডি৩ ২০০ আইইউ-এর সমতুল্য।

**শেলক্যাল® ডিএক্স ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম-কোটেড ট্যাবলেটে রয়েছে ক্যালসিয়াম কার্বোনেট (এগশেল থেকে তৈরি) ইউএসপি ১৫০০ মিলিগ্রাম ও কোলেক্যালসিফেরল (পাউডার ফর্মে) বিপি ৪ মিগ্রা যা ৬০০ মিগ্রা ক্যালসিয়াম এবং ভিটামিন ডি৩ ৪০০ আইইউ-এর সমতুল্য।

**নির্দেশনা:** হাড়ের ক্ষয় (অস্টিওপোরোসিস), দুর্বল হাড় (অস্টিওম্যালাসিয়া, অস্টিওপেনিয়া), রিকেটস, প্যারাথাইরয়েড গ্রন্থির ক্রিয়াকলাপ হ্রাস (হাইপোপ্যারাথাইরয়ডিজম), প্রচ্ছন্ন টিটেনি (নির্দিষ্ট পেশী রোগ), গর্ভাবস্থা এবং স্তন্যদান, পোষ্ট-মেনোপোজাল অস্টিওপোরোসিস।

**মাত্রা ও প্রয়োগ:** সকালে একটি ট্যাবলেট এবং রাতে একটি ট্যাবলেট অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**বিরুদ্ধ ব্যবহার:** হাইপারক্যালসেমিয়া এবং হাইপারপ্যারাথাইরয়েডিজম, হাইপারক্যালসিউরিয়া এবং নেফ্রোলিথিয়াসিস, বৃক্কের অকার্যকারিতা, ডিজক্সিন-এর সাথে ব্যবহার (রক্তে ক্যালসিয়ামের মাত্রা সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হয়) এবং ওষুধের যেকোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** সাধারণত মুখে সেব্য ক্যালসিয়াম কার্বোনেট গ্রহণে অন্ত্রে অস্বস্তি অনুভূত, কোষ্ঠকাঠিন্য হতে পারে, তবে এগশেল ক্যালসিয়াম দীর্ঘদিন সেবনে নিরাপদ যা অন্ত্রে অস্বস্তি বা কোষ্ঠকাঠিন্য তৈরি করে না। বিরল পার্শ্বপ্রতিক্রিয়া: কিডনিতে পাথর, হাইপারক্যালসেমিয়া, অ্যালকালাইসিস, ক্ষুধামান্দ্য।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার:** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে এর ব্যবহারের ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।

**সতর্কতা:** হাইপারক্যালসেমিয়া হলে সেবন বন্ধ করে দিতে হবে। যে সকল রোগীর ক্ষেত্রে কিডনিতে পাথর সৃষ্টির ইতিহাস আছে তাদের বেশি তরল খাদ্যগ্রহণ করা উচিত।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** ডিজক্সিন, ক্যালসিয়াম, অ্যালুমিনিয়াম বা ম্যাগনেসিয়াম যুক্ত এন্টাসিড, অন্যান্য ক্যালসিয়াম সাপ্লিমেন্ট, ক্যালসিট্রিওল, টেট্রাসাইক্লিন, ডক্সিসাইক্লিন, এমাইনওসাইক্লিন, অক্সিটেট্রাসাইক্লিন ইত্যাদি। তাই উপরোক্ত ওষুধের সাথে ক্যালসিয়াম ট্যাবলেট সেবনের সময় অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত। **খাবারের সাথে:** কিছু কিছু খাবার (যেমন শাক, দুধ ও দুগ্ধজাতীয় খাবার) এর সাথে ক্যালসিয়াম খেলে অন্ত্র থেকে ক্যালসিয়ামের শোষণ কমে যায়।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫° সে. তাপমাত্রার নিচে এবং শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা:**

**শেলক্যাল® ডি ট্যাবলেট:** প্রতি কার্টনে অ্যালু-পিভিডিসি ব্লিস্টার প্যাকে রয়েছে ১০×৩ ট্যাবলেট।

**শেলক্যাল® ডিএক্স ট্যাবলেট:** প্রতি কার্টনে অ্যালু-পিভিডিসি ব্লিস্টার প্যাকে রয়েছে ১০×৩ ট্যাবলেট।

1004-01

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.